



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/এইচকিউ/ডিপি-২০২৩/২৪৫৩

তারিখ: ৩১-০৭-২০২৪

জনাব মোহাম্মদ সহিদুল হাসান
আইডি # ০০২৮
সহকারী ব্যবস্থাপক
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
আঞ্চলিক অফিস, কুমিল্লা।

বিষয়: অভিযোগের বিষয়ে সুস্পষ্ট প্রমাণাদি প্রদান।

সূত্র: (১) তদন্ত প্রতিবেদন, তারিখ: ২০/০৬/২০২৪;
(২) কারণ দর্শানোর নোটিশের বিপরীতে আপনার জবাব, তারিখ: ০২/০৫/২০২৪


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আপনার বিরুদ্ধে দাপ্তরিক কাজে অসহযোগিতা, অশোভন আচরণ ও কদর্য ব্যবহার সংক্রান্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজুসহ গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের আলোকে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল। কারণ দর্শানোর নোটিশের বিপরীতে আপনি যে জবাব প্রদান করেছেন তার ভাষা অসৌজন্যমূলক, অশালীন, অনাকাঙ্ক্ষিত এবং তা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য না হওয়ায় বিভাগীয় মামলায় শাস্তিস্বরূপ আপনাকে পদাবনতি করা হয়েছিল। আপনার উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবের একটি অংশ নিম্নরূপ:

“উল্লেখ্য যে, বিগত বেশ কয়েক বছর যাবত ‘ক্রয় আইন-২০০৬ ও বিধিমালা-২০০৮’ অনুসরণ না করেই ‘যুব ও কর্মসংস্থান বিভাগ’ কর্তৃক অনেকগুলো এনজিও-দের (প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান) সাথে Memorandum of Understanding (MOU)-এর মাধ্যমে যুবদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ক্রয় আইন-২০০৬ ও বিধিমালা-২০০৮ অনুসরণ না করা করায়, স্বচ্ছতার সর্বোচ্চ ঘাটতি থাকায়, অবাধ প্রতিযোগিতা না থাকায়, ‘যুব ও কর্মসংস্থান বিভাগ’ কর্তৃক স্বেচ্ছাচারিভাবে বাছাই করায়, এনজিওগুলো (প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান) অনেক উচ্চ মূল্য/আর্থিক প্রস্তাবনা দাখিলের সুযোগ পেয়েছে এবং যার ফলে এসডিএফ-এর কোটি কোটি টাকা অতিরিক্ত খরচ হয়েছে, যা রাষ্ট্রীয় অপচয়। ড. মো: শহীদুল ইসলাম মহোদয়ের একক ইচ্ছায় অনেকগুলো MOU সম্পন্ন হয়েছে, যা সম্পূর্ণ নিয়মবহিঃভূত। প্রতিষ্ঠানের বৃহত্তর স্বার্থে ইহার একটি সুষ্ঠু তদন্ত হওয়া প্রয়োজন। সকল MOU যুব ও কর্মসংস্থান বিভাগ সরবরাহ করতে পারবে এবং প্রয়োজনবোধে অর্থ বিভাগও সরবরাহ করতে পারবে”

আপনার উক্ত লিখিত অভিযোগের ভিত্তিতে প্রধান কার্যালয় কর্তৃক আরো একটি তদন্ত পরিচালিত হয়েছে। তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে আপনার উত্থাপিত অভিযোগটি ভিত্তিহীন এবং অসত্য মর্মে প্রমাণিত হয়েছে। সংস্থার একজন উর্ধ্বতন দায়িত্বশীল কর্মকর্তার বিরুদ্ধে এরূপ ভিত্তিহীন, অযাচিত, অসত্য বা কাল্পনিক অভিযোগ অনাকাঙ্ক্ষিত, শিষ্টাচার বহিঃভূত যা সংস্থার ভাবমূর্তিক্ষন্ন করেছে এবং যা কোনভাবেই কাম্য নয়। আপনি কিসের ভিত্তিতে বা কোন উদ্দেশ্যে এহেন অনুমান ভিত্তিক কাল্পনিক অসত্য অভিযোগ উত্থাপন করেছেন সে বিষয়ে আপনার জবাব জানা অত্যাবশ্যিক।

এমতাবস্থায়, এহেন অসত্য কাল্পনিক অভিযোগ কিসের ভিত্তিতে বা কোন উদ্দেশ্যে করেছেন সে বিষয়ে আপনার সুস্পষ্ট জবাব আগামী ১১-০৮-২০২৪ তারিখের মধ্যে লিখিতভাবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করবেন। এছাড়া আপনি উল্লিখিত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানিতে অগ্রহী কিনা তা জবাবে জানাবেন।

ধন্যবাদান্তে,


৩১-০৭-২৪

এস.এম. তওফিকুর রহমান
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, কুমিল্লা।
- ৩) ব্যক্তিগত নথি।
- ৪) অফিস কপি।